



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৯৬৬)জাতীঃবিঃ/প্রশাঃ/চুক্তিঃনিয়োগ/২০১৪/১/ ২১৯৭

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট-এর নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক শিক্ষক নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহ্বান করা যাইতেছে:

ক্রম	পদের নাম ও সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা
১	Distinguished Professor পদের সংখ্যা-০২ (দুই)	১. প্রার্থীদের পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ২৫ বছরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে। যাহার মধ্যে অধ্যাপক হিসেবে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। ২. স্ব স্ব ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে খ্যাতনামা জার্নালে কমপক্ষে ১০টি প্রকাশনা এবং ইহার মধ্যে অন্তত ৫টির প্রধান লেখক হইতে হইবে। ৩. বিদেশি খ্যাতনামা জার্নালে প্রকাশনা, মানসম্মত গবেষণা গ্রন্থের প্রণেতা, গবেষণা প্রতিষ্ঠান কিংবা শিক্ষা প্রশাসনিক কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হইবে। ৪. প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৭৫ বছর। ৫. বিশ্ববিদ্যালয়ের বিধির আলোকে আলোচনা সাপেক্ষে প্রার্থীর বেতন নির্ধারণ করা হইবে।

শর্তাবলী:

- উক্ত পদে আবেদনের নিমিত্তে Online Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ০৭/১২/২০২২ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট jobs.nu.ac.bd এ পাওয়া যাইবে। আগ্রহী প্রার্থীদের আগামী ২২/১২/২০২২ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে উক্ত jobs.nu.ac.bd এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- চাকরিরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সনদপত্র, নম্বরপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদপত্র, চাকরিরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি, বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সমতা নিরূপণ সনদপত্র এবং প্রকাশনার (যদি থাকে) সমর্থনে সত্যায়িত প্রমাণক-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে।
- Online Application Form-এর প্রিন্ট কপিসহ সকল ডকুমেন্টস্-এর সত্যায়িত কপি ০৯ (নয়) সেট ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/হাতে হাতে ২২/১২/২০২২ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ ঠিকানায় পৌছাইতে হইবে। অন্যথায় আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
- স্মারক নং-০১(৯৬৬)জাতীঃবিঃ/প্রশাঃ/চুক্তিঃনিয়োগ/২০১৪/১/৯৯৯, তারিখ-২২/০৯/২০২২ মোতাবেক জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে পূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

ahmed
06.12.22

(মোল্লা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার

জাতীয় বিশ্ববিদ্যালয়